# খুলনা বিভাগের প্রথম স্মার্ট ক্যাম্পাস

**Education Innovation Excellence...**

EDUCARE Pride In Excellence

EDUCARE KUSHTIA

WS Foundation পরিচালিত KSH : 385/13

eduaid

- আবাসিক
- অনাবাসিক
- ডে-কেয়ার

» বাংলা মিডিয়াম
» ইংলিশ ভার্সন
» প্রি-হিফজ ও হিফজুল কুরআন বিভাগ

সফলতার ১৬ বছর ২০২৩

প্লে গ্রুপ থেকে দ্বাদশ শ্রেণি

EDUCARE
Pride In Excellence

EIIN-135025 ISO 9001:2015 Certified

Established and Managed by
**WS FOUNDATION** KSH : 385/13

# এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ
# EDUCARE IDEAL SCHOOL & COLLEGE

## "পড় তোমার প্রভুর নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন"

**আপনার সন্তানের ভবিষ্যতের জন্য প্রথম পছন্দের**
**শিক্ষা প্রতিষ্ঠান হোক এডুকেয়ারের স্মার্ট ক্যাম্পাস...**

## এডুকেয়ারের মিশন

আত্মবিশ্বাস, সহিষ্ণুতা এবং জবাবদিহিতার সমন্বয়ে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা যেনো তারা আবেগ ও ন্যায়সঙ্গত যুক্তিবৃত্তির মাধ্যমে প্রতিযোগিতা করে বিশ্বময় মেধা ও মননের অবদান রাখতে পারে। এছাড়াও ইসলামিক চিন্তা, চেতনা এবং প্রজ্ঞার মাধ্যমে শিক্ষার্থী জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গীকে সুনিপুণভাবে শানিত করে সামাজিক ও নৈতিক শিক্ষায় গড়ে তোলা।

## এডুকেয়ারের ভিশন

এডুকেয়ার হবে গুণগত শিক্ষা প্রদানে আন্তর্জাতিক মানের একটি প্রতিষ্ঠান। ক্রমবিকাশমান মানবসম্পদের উন্নয়নে এডুকেয়ার সর্বোচ্চ আদর্শ নির্ধারণ করে শিক্ষার্থীদেরকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে দেওয়ায় প্রতিশ্রুতি বদ্ধ। আধুনিক শিক্ষা সহায়ক পরিবেশ এবং হালনাগাদ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন ঘটানো, আমাদের অন্যতম লক্ষ্য। উত্তম ফলাফল ও নৈতিক উৎকর্ষতায় সমৃদ্ধ করে জাতীয় ও আন্তর্জাতিকভাবে নেতৃত্ব প্রদানের সক্ষমতা অর্জনে প্রতিশ্রুতি বদ্ধ।

## এডুকেয়ারের দর্শন

শিক্ষা নিয়ে গবেষণালব্ধ জ্ঞানই এডুকেয়ার এর প্রকৃত দর্শন। নিয়মিত পাঠদান সংক্রান্ত বিষয়াদি ও শিশু-কিশোরদের মনোজগৎ নিয়ে শিক্ষকদের উপলব্ধির সংমিশ্রণে গড়ে ওঠে পাঠদান প্রক্রিয়ার অন্তদর্শন। আমাদের বিশ্বাস প্রতিটি মানব শিশুই সহজাত জ্ঞানের অধিকারী কিন্তু বিশেষ পরিচর্যা ছাড়া শিশুদের জ্ঞান বিকাশ অনেকটায় অসম্ভব। এই জন্য প্রয়োজন উপযুক্ত পরিবেশ ও বেড়ে ওঠার জন্য পর্যায় ক্রমিক প্রক্রিয়া। এই প্রক্রিয়াকে অনুসরণ করে এবং প্রাপ্তবয়স্কদের লব্ধ অভিজ্ঞতাকে অনুসরণ করেই শিক্ষাচক্র আবর্তিত হবে।

## এডুকেয়ারের সুদৃঢ় বিশ্বাস

- প্রতিটি শিশুই অনন্য মেধাশক্তির অধিকারী এবং উপযুক্ত পরিবেশ নিশ্চিত করে অনন্য মানুষে পরিণত করা।
- শিশু-কিশোরদের মুক্তচিন্তার পরিবেশ নিশ্চিত করা।
- ভারসাম্যহীন অতিরিক্ত কর্মকাণ্ড চাপিয়ে না দিয়ে স্বাভাবিক বিকাশকে ধরে রাখা।
- Extrovert and introvert বিষয়ের দিকে গভীর পর্যবেক্ষণে রাখা।
- অন্তচিন্তা ও বহির চিন্তার বিকাশকে প্রাধান্য দেওয়া।
- পিতা-মাতা, শিক্ষকসমাজ ও সামাজিক শিক্ষার বিষয়গুলোকে প্রাধান্য দেওয়া।
- পজেটিভ দৃষ্টিভঙ্গিতে অভ্যস্ত করা।
- প্রশিক্ষণের মাধ্যমে এলোমেলো চিন্তাকে সুসজ্জিত ও সংজ্ঞায়িত করে উত্তম ফলাফলের দিকে ধাবিত করা।
- ইসলামিক মূল্যবোধ, নীতি ও নৈতিকতা এবং মানবিক জীবনবোধকে জাগ্রত করা আমাদের অন্যতম লক্ষ্য।

এডুকেয়ার স্কুল এন্ড কলেজ ইসলামী ভাবধারার আলোকে শিক্ষার্থী-শিক্ষক, কর্মচারীসহ সকলের জন্য একটি সুন্দর পরিবেশ গড়ার লক্ষ্যে কাজ করছে। ইসলাম ধর্মের মূল উৎস আল-কোরআন ও হাদিসের আলোকে জীবনকে চালিত করা। নবী মুহাম্মদ (সাঃ) সুন্নাহ ও সিরাতের মাধ্যমে জীবনকে পরিচালিত করে উত্তম জীবনে ধাবিত হওয়া।

## বিশ্বমানের অফিস সেটআপ



সু-সজ্জিত অফিস



বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার



এডুকেয়ার ক্যাফেটেরিয়া

শিক্ষাক্ষেত্রে আন্তর্জাতিক মান বজায় রাখায় ২০২০ খ্রি: খুলনা বিভাগে সর্বপ্রথম এডুকেয়ার আন্তর্জাতিক মানের **ISO : 9001:2015** সনদ অর্জন করে। যা প্রতিষ্ঠানের শিক্ষার মানকে আরও ত্বরান্বিত করেছে।

## এক নজরে এডুকেয়ার

| | |
|---|---|
| প্রতিষ্ঠাকাল | : ২০০৮ সাল |
| পৌরসভার অনুমোদন | : ২০০৮ সাল |
| প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্কুলের অনুমোদন | : ২০০৯ সাল |
| গভ. (EIIN) নম্বর প্রাপ্তি | : ২০১১ সাল |
| যশোর শিক্ষা বোর্ডের অনুমোদন | : ২০১২ সাল |
| শিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক অনুমোদন | : ২০১২ সাল |
| ২০০৯-২০২০ সালের PECE পরীক্ষার ফলাফল | : ১০০% পাস |
| ২০১১-২০২০ সালের JSC & SSC পরীক্ষার ফলাফল | : ১০০% পাস |
| ২০২০ সালের সরকারি বৃত্তি প্রাপ্তির সংখ্যা | : ৩১ জন |
| ২০২২ সালের SSC পরীক্ষায় A+ প্রাপ্তির সংখ্যা | : ১০৮ জন |
| মোট শিক্ষার্থী সংখ্যা | : ১৫০০+ |
| মোট শিক্ষক সংখ্যা | : ১০০ জন+ |
| কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | : ৯০ জন+ |
| হোস্টেল সংখ্যা (ছেলে ২টি ও মেয়ে ১টি) | : ৩টি |
| হোস্টেল সিট সংখ্যা | : ২৫০+ |

### কুইজ প্রতিযোগিতা

২০১৫-২০২২ সালের ডিজিটাল উদ্ভাবনী মেলায় কুষ্টিয়া জেলার স্কুল পর্যায়ের কুইজ প্রতিযোগিতায় ১ম ও ২য় স্থান অর্জন।

### শ্রেষ্ঠত্বের স্বীকৃতি

স্কুলটি ২০০৯ সাল থেকে PECE, JSC & SSC- তে শতভাগ পাসসহ সেরা সাফল্য অর্জন করায় ২০১২ সালে বৃহত্তর কুষ্টিয়া অঞ্চলের মধ্যে প্রাইভেট শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সর্বপ্রথম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও যশোর শিক্ষা বোর্ডের স্বীকৃতি অর্জন।

### জাতীয় শিশু-কিশোর প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন

২০১৮ সালে জাতীয় শিশু-কিশোর প্রতিযোগিতায় দেশাত্মবোধক সংগীতে সমগ্র দেশের মধ্যে এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী অহনা রেজা অর্পি প্রথম স্থান অর্জন করায় মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক পুরস্কার প্রাপ্ত হয়েছে।

### শ্রেষ্ঠ তরুণ উদ্ভাবক

২০১৮ সালে ডিজিটাল উদ্ভাবনী মেলায় স্মার্ট সিটির প্রজেক্ট তৈরি করায় এডুকেয়ার আইডিয়াল স্কুলের শিক্ষার্থীরা শ্রেষ্ঠ তরুণ উদ্ভাবক নির্বাচিত হয়েছে।

### বৃত্তি প্রাপ্তির স্বীকৃতি

২০১৯ সালে বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশন বৃত্তি পরীক্ষায় সমগ্র দেশের মধ্যে ২য় ও ৩য় স্থান অর্জন।

### গণিত অলিম্পিয়াড

২০১৮ সালে কুষ্টিয়া অঞ্চলের গণিত অলিম্পিয়াডে জুনিয়র শাখায় চ্যাম্পিয়ান নির্বাচিত।

### PECE, JSC & SSC পরীক্ষা

২০১৪-২০২২ সালে বে-সরকারি স্কুলের মধ্যে আনুপাতিক হারে সর্বাধিক সংখ্যক A+ ও সরকারি বৃত্তি অর্জন।

## আধুনিক শিক্ষা, আলোকিত মানুষ, সুন্দর ভবিষ্যৎ গড়ার প্রত্যয়ে...



অনলাইনে এডুকেয়ারের শিক্ষার্থী



গ্রুপ স্ট্যাডিরত শিক্ষার্থীরা



ক্যারিয়ার ডে-২০২২



# চেয়ারম্যানের বাণী

সম্মানিত অভিভাবকবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম।

বাংলাদেশের জন্মলগ্ন থেকেই কুষ্টিয়া ইতিহাস ও ঐতিহ্যগতভাবে নান্দনিক সৌন্দর্যের লীলাভূমি। পদ্মা, গড়াই বিধৌত এই অঞ্চল একটি স্বতন্ত্র বৈশিষ্ট্যমণ্ডিত। শিক্ষা, শিল্প-সাহিত্য, সংস্কৃতি ও আধ্যাত্মিকতায় পরিপূর্ণ খুলনা বিভাগের বৃহত্তর এই জনপদটি বিশেষ বৈশিষ্ট্য হয়েছে মহিমান্বিত। মরমি সাধক ফকির লালন শাহ, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, মীর মশাররফ হোসেন সহ অনেক জ্ঞানী-গুণী, শিক্ষানুরাগী ব্যক্তিদের পদাঙ্ক অনুসরণ করে শিক্ষা বিস্তারে নিরলস কাজ করে যাচ্ছে এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ, কুষ্টিয়া।

বর্তমান বিশ্ব ব্যবস্থায় তিলেতিলে গড়ে উঠা মানব সভ্যতা কোভিড-১৯ এ সংক্রামিত হয়ে প্রাণ হারিয়েছেন অসংখ্য শিক্ষানুরাগী, উদ্যোক্তা, গবেষক ও শিক্ষাবিদ। বৈশ্বিক মহামারিতে মানুষের প্রাণহানীর পরেই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হয়েছে শিক্ষা ব্যবস্থা। শিক্ষার এই করুণ ও ভগ্নদশার রাহুগ্রাস থেকে মুক্ত করার প্রয়াসে কুষ্টিয়াতে গড়ে উঠেছে সর্বাধুনিক প্রযুক্তি নির্ভর শিক্ষা প্রতিষ্ঠান এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের স্মার্ট ক্যাম্পাস। উচ্চতর প্রশিক্ষণে প্রশিক্ষিত শিক্ষকমণ্ডলী, দক্ষ পরিচালকবৃন্দ এবং কঠোর নিয়মানুবর্তিতাসহ সর্বাধুনিক প্রযুক্তির উৎকর্ষিত ব্যবহারের মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্য স্থির করা হয়েছে যার মাধ্যমে যুগোপযোগী শিক্ষার সকল মানদণ্ডে উত্তীর্ণ হয়ে বাংলাদেশের তথা দক্ষিণ-পশ্চিম অঞ্চলের শিক্ষার্থীদের জন্য সৌভাগ্যের দুয়ার খুলে দিবে বলে প্রত্যাশা রাখি। দেশের গণ্ডি পেরিয়ে আন্তর্জাতিক পরিমণ্ডলে একদিন শক্তিশালী জায়গা করে নিবে এডুকেয়ার, ইনশা-আল্লাহ।

আর্ন্তজাতিক মানের **ISO 9001 : 2015** সনদ অর্জনকারী এডুকেয়ার স্মার্ট ক্যাম্পাসে শিক্ষার্থীদের জন্য রয়েছে কোডিং ও রোবোটিক্স কার্যক্রমসহ নানারকম প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা। আমাদের শিক্ষার্থীবৃন্দ তাদের পাঠ্যক্রমের পাশাপাশি প্রযুক্তিতে পারদর্শী হয়ে গড়ে উঠবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশ, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ, নীতি ও নৈতিকতা, খেলাধুলা এবং মানবিকতার আলোকে শিক্ষাজীবন গড়ে তুলতে সহায়ক হবে আমাদের এডুকেয়ার নতুন স্মার্ট ক্যাম্পাস। আধুনিক স্থাপত্যের আঙ্গিকে সুপ্রশস্ত ক্যাম্পাস, প্রকৃতি ও আধুনিকতার নিবিড় ছোয়াতে চলমান শিক্ষাকার্যক্রম একটি আদর্শিক ও ব্যতিক্রমধর্মী প্রতিষ্ঠান হিসাবে সকল শিক্ষার্থী ও অভিভাবকগণের অন্তরে স্থান করে নিতে সমর্থ হবে।

"পড় তোমার প্রভুর নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন" ওহীর এ বাণীতে মানব জাতির সার্বিক কল্যাণ নিহিত রয়েছে। নৈতিকতা বর্জিত প্রচলিত শিক্ষা বিশ্ব মানবতার মুক্তি সাধনে সক্ষম নয়। তাই ধর্মীয় শিক্ষার আধুনিক সংস্করণের মাধ্যমে এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ আধুনিক বিজ্ঞান শিক্ষার সাথে ইসলামী শিক্ষার সুষম সমন্বয় সাধন করে শিক্ষার্থীদের মেধা ও মননশীলতার বিকাশ সাধনে এক অভূতপূর্ব ভূমিকা রাখবে। তাই ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সকল শিক্ষার্থীর ধর্মীয় শিক্ষার প্রসারে এডুকেয়ার এক অনন্য ভূমিকা রাখবে। কুষ্টিয়া জেলা ও খুলনা অঞ্চলের শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দের স্বপ্ন পূরণে এডুকেয়ার স্মার্ট ক্যাম্পাস যুগান্তকারী ভূমিকা রাখবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

মহান আল্লাহতায়ালার অপার মহিমায় শিক্ষা নিয়ে এই চলার পথ শুভ ও সুন্দর হউক এই প্রার্থনা করে সকলের সাহায্য ও সহযোগিতা প্রত্যাশা করছি।

শুভ কামনায়

**মোঃ মোজাম্মেল হক**
চেয়ারম্যান, ওয়েস্টার্ন স্কলার্স ফাউন্ডেশন, কুষ্টিয়া।



# প্রিন্সিপালের শুভেচ্ছা বাণী

সম্মানিত অভিভাবকবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম।

এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের পক্ষ থেকে আপনাদের জানাই আন্তরিক শুভেচ্ছা। শিক্ষা যে কোন জাতির জাতিসত্ত্বা গঠনে অগ্রণী ভূমিকা পালন করে থাকে। মানব জাতির ক্রমবিকাশ ধারায় সভ্যতার বর্তমান উৎকর্ষতা অর্জনে শিক্ষার অবদান অনস্বীকার্য। শিক্ষা সকল কুসংস্কার ও অন্ধকারাচ্ছন্নতাকে দূর করে ব্যক্তি, সমাজ ও জাতিকে আলোকিত করে। আলোকিত মানুষ গড়ার সূতিকাগার হিসাবে নিরন্তর কাজ করে যাচ্ছে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ। তারই ধারাবাহিকতায় শিক্ষাকে আরো গতিশীল ও সময় উপযোগী করার মানসে এডুকেয়ারের এই প্রচেষ্টা অব্যাহত রয়েছে। বর্তমান শিক্ষা ব্যবস্থা মূলত প্রযুক্তি নির্ভর। তথ্যপ্রযুক্তি ছাড়া আধুনিক শিক্ষা ও গবেষণা কোনভাবেই সম্ভব নয়।

এডুকেয়ার বর্তমানে প্রচলিত শিক্ষার সাথে প্রযুক্তির উপযুক্ত প্রয়োগের মাধ্যমে যে সমন্বিত প্রায়োগিক ব্যবস্থা গড়ে তুলেছে তা সত্যিকার অর্থে ঈর্ষণীয়। তারই ধারাবাহিকতায় এডুকেয়ার স্মার্ট ক্যাম্পাস অধিকতর উৎকর্ষতা সাধনে নিরলস পরিশ্রম করে যাচ্ছে যা বর্তমান এবং আগামীতে সকল শিক্ষার্থীদের ধারাবাহিক বিকাশে উচ্চ শিক্ষার পথকে সুগম করবে। এডুকেয়ার স্মার্ট ক্যাম্পাসের আধুনিকায়নে শিক্ষার সাথে সম্পৃক্ত সকল আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করে শিক্ষার্থীদের জন্য উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তুলবে বলে আমার বিশ্বাস।

ক্ষয়িষ্ণু শিক্ষা ব্যবস্থা, সামাজিক নৈরাজ্য ও বৈশ্বিক মহামারির মধ্যে দিয়ে বিশ্বব্যাপী চলমান জীবনের যে ছন্দ পতন ঘটেছে তা থেকে মুক্তির একমাত্র উপায় হলো আনন্দময় শিক্ষা ব্যবস্থাকে ফিরিয়ে আনা। সুস্থ ধারার সেই সুশিক্ষা ব্যবস্থাকে ফিরিয়ে আনার অভীষ্ট লক্ষ্যে নিরন্তর কাজ করে যাচ্ছে এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের স্মার্ট ক্যাম্পাস।

এডুকেয়ার এর ভিশন ও মিশন বাস্তবায়নে উন্নততর শিক্ষা নিশ্চিত করার জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ। সর্বোত্তম ফলাফল নিশ্চিতকরণের পাশাপাশি শিক্ষার্থীদের চারিত্রিক ও নৈতিক শিক্ষায় শিক্ষিত করে তোলা। শিক্ষার্থীদের সার্বিক ব্যক্তিত্ব বিকাশে এক্সট্রা-কারিকুলাম এক্টিভিটিজ হিসাবে ক্যাডেট কলেজের ন্যায় বিভিন্ন ক্লাব ভিত্তিক কার্যক্রম পরিচালনা করা। ডিবেটিং ক্লাব, কালচারাল ক্লাব, স্পোর্টস ক্লাব, রিডার্স ফোরাম ইত্যাদি উক্ত কার্যক্রমগুলোর মধ্যে অন্যতম।

আমি সকল শুভানুধ্যায়ী ও সম্মানিত অভিভাবকবৃন্দকে এডুকেয়ার এর নতুন ক্যাম্পাসে স্বাগত জানাচ্ছি।

আল্লাহ হাফেজ।

শুভেচ্ছান্তে

**ক্যাপ্টেন মো: নজরুল ইসলাম (অব:)**
প্রিন্সিপাল
এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ, কুষ্টিয়া।



# আল-কুরআন ও আরবি বিভাগের
# প্রধানের শুভেচ্ছা বাণী

সম্মানিত অভিভাবকবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম।

এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের পক্ষ থেকে আপনাদের জানাই আন্তরিক শুভেচ্ছা। এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজে স্মার্ট ক্যাম্পাসে নতুন বছরে কাছের ও দূরের সকল শুভানুধ্যায়ীকে শুভেচ্ছা ও স্বাগত জানাচ্ছি। আমাদের অন্তরে মহান সৃষ্টিকর্তা ইসলাম ও ইসলামিক মূল্যবোধ সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার তৌফিক দান করুন। ইসলামের অমীয় জীবন ধারায় জাগ্রত হয়ে ইহলৌকিক ও পরলৌকিক জীবন তথা দোজাহানে সফলকাম হওয়ার লক্ষ্যে এডুকেয়ার এক যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। এই পদক্ষেপের আওতায় বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্সন স্কুলে এই প্রথম বারের মতো পবিত্র আল-কুরআনের প্রি-হেফজ ও হিফজুল কুরআন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

অভিভাবকদের চাহিদা সাপেক্ষে সকল মুসলিম শিক্ষার্থীদের জন্য প্রি-হেফজ আবশ্যিক কার্যক্রম হিসাবে গ্রহণ করা হবে। এই কর্মসূচির আওতায় আরবি ভাষায় কথা বলা ও লেখায় এবং কুরআন তিলাওয়াতে পারদর্শী করে গড়ে তোলা হবে। সম্মানিত অভিভাবকদের চাহিদা সাপেক্ষে পূর্ণাঙ্গ হেফজ খানা চালু করা হবে। এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের ১৫০০ এর অধিক শিক্ষার্থীদের জন্য আমাদের শতাধিক চৌকস শিক্ষকমণ্ডলী এবং হাফেজগণ অবিরাম কাজ করে যাচ্ছেন। আমাদের সন্তান সন্ততিরা যেনো আগামীতে ইসলামের আদর্শে উদ্বুদ্ধ হয়ে আদর্শিক ও মানবিক মূল্যবোধ জীবন গড়ে তুলতে সমর্থ হয়।

মহান আল্লাহতায়ালার অপার মহিমায় ইসলামী শিক্ষা নিয়ে এই চলার পথ শুভ ও সুন্দর হউক এই প্রার্থনা করে সকলের সাহায্য ও সহযোগিতা প্রত্যাশা করছি।

শুভেচ্ছান্তে

**হাফেজ মাওলানা মো: উসমান গণি**
বিভাগীয় প্রধান
এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ

## এডুকেয়ারের উদ্দেশ্য শিক্ষার্থীদের মাঝে-

- আন্তর্জাতিক মানের গুণগত শিক্ষাপ্রদান।
- সততা,শৃঙ্খলাবোধ ও দেশপ্রেম জাগ্রতকরণ।
- শালীনতা,স্বনির্ভর ও দায়িত্বশীলতার উন্নয়ন।
- ধর্মীয় ও আধুনিক শিক্ষায় বিজ্ঞান মনস্ক করে গড়ে তোলা।
- ক্যাডেট কলেজের ন্যায় কঠোর নিয়ম শৃঙ্খলায় গড়ে তোলা।
- সৃষ্টিশীল ও সুষ্ঠু জীবনের জন্য প্রয়োজনীয় দক্ষতার উন্নয়ন।
- সামাজিক মূল্যবোধের উন্নয়ন ও নৈতিকতা সম্পন্ন আদর্শ মানুষ গড়া।
- একাডেমিক শিক্ষার পাশাপাশি সৃজনশীল কর্মকাণ্ডের মাধ্যমে চৌকস ও মেধাবী করে গড়ে তোলা।



খেলার ছলে পড়া

## এডুকেয়ার কেন অনন্য?

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও যশোর শিক্ষা বোর্ড স্বীকৃত প্রতিষ্ঠান।
- আন্তর্জাতিক মানের **ISO-9001:2015** সার্টিফাইড প্রযুক্তি নির্ভর ক্যাম্পাস।
- আধুনিক শিক্ষার সাথে আরবি শিক্ষার সুষম সমন্বয় সাধন।
- উচ্চশিক্ষিত, প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধান।
- স্মার্ট ক্লাসরুম ও **IT** বেইজড ডিজিটাল **AC** ক্যাম্পাস।
- সু-সজ্জিত আধুনিক ও যুগোপযোগী কম্পিউটার ল্যাব।
- শিক্ষা কার্যক্রম নিজস্ব **EIMS** সফটওয়্যার দ্বারা পরিচালিত।



এডুকেয়ার কিডস্ জোন

- ডিজিটাল এডুকেয়ার অ্যাপসের মাধ্যমে সকল তথ্য প্রেরণ।
- বিশ্বমানের সমৃদ্ধ লাইব্রেরি ও আধুনিক বিজ্ঞানাগার।
- পাবলিক পরীক্ষায় সেরা ফলাফল অর্জন।
- কোন শিক্ষার্থীকে প্রাইভেট পড়তে হয় না।
- পরিশোধিত নিরাপদ খাবার পানি।
- শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ২৫:১।
- সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত।
- নিজস্ব পরিবহন ব্যবস্থা।
- নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা।
- সুদক্ষ পরিচালনা।



এডুকেয়ার স্মার্ট ক্যাম্পাসের ভিত্তি প্রস্থর অনুষ্ঠানে উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান আতা

## ভর্তি প্রক্রিয়া

| | |
|---|---|
| বাংলা মাধ্যম | : প্লে-গ্রুপ থেকে একাদশ শ্রেণি পর্যন্ত বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির আবেদনপত্র সংগ্রহ করা যাবে। |
| English Version | : প্লে-গ্রুপ থেকে ২য় শ্রেণি পর্যন্ত ভর্তির আবেদনপত্র সংগ্রহ করা যাবে। |
| ফরম সংগ্রহ | : স্কুল ক্যাম্পাস ও স্কুলের ওয়েব সাইট থেকে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে। |
| ভর্তি পরীক্ষা (প্রি-প্রাইমারি) | : নির্ধারিত তারিখে প্লে-গ্রুপ থেকে কেজি পর্যন্ত অভিভাবকসহ সাক্ষাৎকার নিয়ে শিক্ষার্থী নির্বাচন করা হবে। |
| ভর্তি পরীক্ষা (১ম-৯ম শ্রেণি) | : ১ম থেকে ৯ম শ্রেণি পর্যন্ত লিখিত পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে এবং লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অভিভাবকসহ সাক্ষাৎকার নিয়ে ভর্তি করা হবে। |

## ভর্তির জন্য শিক্ষার্থীর বয়স ও আসন সংখ্যা

| শ্রেণি | বয়স | আসন সংখ্যা | সেকশন সংখ্যা | শ্রেণি | বয়স | আসন সংখ্যা | সেকশন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| প্লে-গ্রুপ | ৩+ | ৯০ | ৩ | পঞ্চম | ১০+ | ১০৫ | ৩ |
| নার্সারি- | ৪+ | ৯০ | ৩ | ষষ্ঠ | ১১+ | ১০৫ | ৩ |
| কেজি | ৫+ | ৯০ | ৩ | সপ্তম | ১২+ | ১০৫ | ৩ |
| প্রথম | ৬+ | ১২০ | ৪ | অষ্টম | ১৩+ | ১৪০ | ৪ |
| দ্বিতীয় | ৭+ | ১২০ | ৪ | নবম | ১৪+ | ১৪০ | ৪ |
| তৃতীয় | ৮+ | ১০৫ | ৩ | দশম | ১৫+ | ১৪০ | ৪ |
| চতুর্থ | ৯+ | ১০৫ | ৩ | একাদশ | ১৬+ | ১৬০ | ৪ |

বি:দ্র: বয়স অনুযায়ী সকল শিক্ষার্থীকেই সাধারণ জ্ঞান ও সুন্দরভাবে কথা বলা এবং বাচনভঙ্গির দক্ষতা থাকতে হবে।

## নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির জন্য যা প্রয়োজন

- শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি
- শিক্ষার্থীর ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
- পিতা-মাতার ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
- পিতা-মাতার NID কার্ডের ফটোকপি
- পূর্ববর্তী স্কুলের টিসি অথবা প্রোগ্রেসিভ রিপোর্ট
- প্রযোজ্য ক্ষেত্রে স্থানীয় অভিভাবকের ছবি ও NID কার্ডের ফটোকপি



এডকেয়ার স্কাউট সদস্যবৃন্দ

## স্কুলের কার্যদিবস

| | |
|---|---|
| অফিস | : শনিবার থেকে বৃহস্পতিবার |
| শিক্ষার্থী-শ্রেণি কার্যক্রম | : রবিবার থেকে বৃহস্পতিবার |
| শিক্ষার্থী-এক্সট্রা-কারিকুলাম | : শনিবার |

## স্কুল ইউনিফর্ম

| শিক্ষার্থী | শ্রেণি | গ্রীষ্মকালীন | শীতকালীন |
|---|---|---|---|
| ছেলে | প্লে থেকে দ্বাদশ শ্রেণি | সাদা রং হাফ/ফুল শার্ট ও কালো রং ফুল প্যান্ট, কালো টাই, ব্লাক সু, সাদা মোজা | মেরুন রং এর কোর্ট (অফিস নির্ধারিত) |
| মেয়ে | প্লে থেকে তৃতীয় শ্রেণি | সাদা রং হাফ শার্ট, কালো ও লাল রং মিশ্রিত স্কার্ট, কালো টাই, ব্লাক সু, সাদা মোজা | মেরুন রং এর কোর্ট (অফিস নির্ধারিত) |
| মেয়ে | চতুর্থ থেকে দ্বাদশ শ্রেণি | সাদা রং এর সালোয়ার ও কামিজ, সাদা রং এর কেডস্, সাদা মোজা | মেরুন রং এর কোর্ট (অফিস নির্ধারিত) |

## আবাসিক ও ডে-কেয়ার ব্যবস্থাপনা

যুগোপযোগী শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের মেধা,শারীরিক,মানসিক বৃত্তিগুলোর বিকাশ ও উৎকর্ষ সাধন করে নৈতিক, সামাজিক ও ধর্মীয় বিকাশের সর্বপ্রকার পদক্ষেপ গ্রহণ করা। সর্বোপরি প্রত্যেক শিক্ষার্থীকে বৃহত্তর কর্মজীবন ও জাতীয় জীবনের বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্বদানের উপযোগী সুনাগরিক হিসেবে গড়ে তোলাই এডুকেয়ার আবাসিক প্রতিষ্ঠানের লক্ষ্য। ক্রমাগত উন্নয়নের ধারা বেয়ে এ অনন্যসাধারণ প্রতিষ্ঠানটিতে বর্তমানে প্রাথমিক,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের ২৫০ জন ছেলে ও মেয়ে শিক্ষার্থীদের জন্য পৃথক পৃথক হোস্টেল রয়েছে।

**ডে-কেয়ার :** গৃহকর্মী সংকটে কর্মজীবী মা-বাবারা দিশাহারা। সন্তানকে গৃহকর্মীর কাছে রেখেও চিন্তার শেষ নেই। বাচ্চা খেয়েছে তো? কোনো বিপদ হলো না তো? কর্মজীবী মা-বাবার এমন হাজারো চিন্তার সমাধান হতে পারে এডুকেয়ার ডে-কেয়ার সেন্টার বা দিবা শিশু পরিচর্যা কেন্দ্র।

## এডুকেয়ার আবাসিক ও ডে-কেয়ার কেন অনন্য?

- ক্যাডেট কলেজের ন্যায় কঠোর নিয়ম শৃঙ্খলার ব্যবস্থা
- পরিচ্ছন্ন, রুচিসম্মত ও উন্নত আবাসিক ব্যবস্থাপনা
- মুসলিম শিক্ষার্থীদের পাঁচওয়াক্ত নামাজের বাধ্যবাদকতা
- ছেলে ও মেয়েদের পৃথক আবাসিক ব্যবস্থাপনা
- মানসম্মত ও স্বাস্থ্যসম্মত সুষম খাবার পরিবেশন
- কোন শিক্ষার্থীকে প্রাইভেট পড়তে হয় না
- অভিজ্ঞ শিক্ষকের নিবিড় তত্ত্বাবধান
- নিয়মিত মেডিকেল চেকআপের ব্যবস্থা
- পরিশোধিত নিরাপদ খাবার পানি
- খেলাধুলা ও বিনোদনের ব্যবস্থা
- সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত
- পাক্ষিক আউটিং
- সুদক্ষ পরিচালনা



প্রাত্যহিক সমাবেশ

## সহশিক্ষা পাঠক্রম

- বার্ষিক বনভোজন ও শিক্ষা সফর
- নিয়মিত সাহিত্য ও সাংস্কৃতিক চর্চা
- ইংলিশ এনভায়ারনমেন্ট সৃষ্টি
- নিয়মিত অভিভাবক মত বিনিময় সভা
- ইনডোর-আউটডোর ক্রীড়া প্রতিযোগিতা
- বিজ্ঞানমেলা,বির্তক,আবৃত্তি ও বক্তৃতা প্রতিযোগিতা
- দ্বিবার্ষিক ম্যাগাজিন প্রকাশ ও স্কাউট দল গঠন
- দেয়ালিকা প্রকাশের মাধ্যমে লেখক সৃষ্টি, ডিবেট, সাইন্স, স্পোর্টস ও ল্যাঙ্গুয়েজ ক্লাব গঠন।



আবাসিকে অধ্যয়নরত মেয়ে শিক্ষার্থী



আবাসিকে অধ্যয়নরত ছেলে শিক্ষার্থী

## একাডেমিক ক্যালেন্ডার

প্রতিবছর ভর্তির পূর্বে শ্রেনিভিত্তিক একাডেমিক ক্যালেন্ডার প্রস্তুত করা হয়। এ ক্যালেন্ডারে সারা বছরের কর্মপরিকল্পনা নির্দিষ্ট করা থাকে। ক্যালেন্ডার অনুসরণ করেই প্রতিষ্ঠানের সকল কার্যক্রম পরিচালনা হবে ইনশাহ্আল্লাহ। ফলে একজন শিক্ষার্থী ভর্তি হওয়ার পর পরই তার পাঠ পরিকল্পনা জানতে পারে। এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ সকল শিক্ষার্থীদের মধ্যে জীবনমুখী শিক্ষা প্রদানের উদ্দেশ্যে বোর্ড সিলেবাসের বাইরে নিজস্ব সিলেবাসের মাধ্যমে শিক্ষার্থীদের মেধা ও মননশীলতা বিকশিত করতে সর্বদা সচেষ্ট।



এডুকেয়ারের কর্মব্যস্ত শিক্ষকমণ্ডলী

## পাঠ পরিকল্পনা

একাডেমিক ক্যালেন্ডারের সাথে সমন্বয় করে কোন ক্লাসে কোন বিষয়ের কোন অধ্যায় পড়ানো হবে তা পাঠ পরিকল্পনায় উল্লেখ থাকে। ফলে শিক্ষার্থীরা প্রতিটি বিষয়ের কোন দিন কোন অধ্যায় পড়ানো হবে, তা বছরের শুরুতেই পেয়ে যায়। ফলে একদিকে শিক্ষকগণের ক্লাসের প্রস্তুতি নিতে যেমন সহজ হয় তেমনি শিক্ষার্থীরাও পাঠ গ্রহণে মানসিকভাবে প্রস্তুত থাকে।

## দক্ষ শিক্ষকই পারেন যোগ্য শিক্ষার্থী গড়ে তুলতে

শিক্ষার্থীর জন্য শুধু শিক্ষাপ্রতিষ্ঠানই যথেষ্ট নয়। তাকে যোগ্য করে গড়ে তুলতে ভালো শিক্ষকের প্রয়োজন হয়। এজন্য 'এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ' দক্ষ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। এ প্রতিষ্ঠানের নিয়োগকৃত সকল শিক্ষক দেশের খ্যাতিমান বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত। এখানে নিয়োগের জন্য শিক্ষককে লিখিত, মৌখিক ও ডেমোনেস্ট্রেশন ক্লাসে উত্তীর্ণ হতে হয়। সেই সাথে তাঁদের কম্পিউটারে পারদর্শী হতে হয় এবং ব্যক্তিগত ল্যাপটপ থাকতে হয়। নিয়োগের পরে তাঁদের আরও দক্ষ করে গড়ে তুলতে বিশেষজ্ঞ-প্রশিক্ষকদের তত্ত্বাবধানে প্রশিক্ষণ প্রদান করা হয়।

এই প্রতিষ্ঠানে বাংলা ও ইংরেজি উভয় ভার্সনের জন্য আলাদা শিক্ষক রয়েছেন। সেইসাথে শিক্ষার্থীদের সৃজনশীল কাজে সম্পৃক্ত করতে বিশেষজ্ঞ-শিক্ষকবৃন্দ রয়েছেন। তারা গান, নৃত্য, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, উপস্থিত বক্তৃতা, বিতর্ক, খেলাধুলাসহ বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের নিয়মিত প্রশিক্ষণ দেন।

## প্রাত্যহিক সমাবেশ

প্রাত্যহিক সমাবেশের মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠান তার নিজস্ব বৈশিষ্ট্য ফুটিয়ে তোলে। ক্লাস শুরু হওয়ার পূর্বে স্কুল প্রাঙ্গণে শিক্ষার্থীদের যে সমাবেশ হয় তাই প্রাত্যহিক সমাবেশ। পবিত্র ধর্মগ্রন্থ থেকে কিছু অংশ পাঠ,শপথ,জাতীয় সংগীত পরিবেশন,অধ্যক্ষের বক্তব্য ও শারীরিক কসরতের মধ্য দিয়ে প্রাত্যহিক সমাবেশ অনুষ্ঠিত হয়। শিক্ষার্থীরা ক্লাস শুরুর পূর্বে নিয়মিত স্কুল প্রাঙ্গণে সুশৃঙ্খল ও শ্রেণিভিত্তিক লাইনে দাঁড়িয়ে সমাবেশ করে থাকে। সমাবেশ শেষে বাদ্যের তালে তালে শিক্ষার্থীরা করতালি দিতে দিতে মাঠ ত্যাগ করে। প্রাকৃতিক দুর্যোগের কারণে স্কুলপ্রাঙ্গন সমাবেশের অনুপযোগী হলে সাউন্ড সিস্টেমের সহায়তায় ক্লাসরুমে সমাবেশ করা হয়।

## অনলাইন কার্যক্রম

করোনার উদ্ভূত প্রাদুর্ভাবের কারণে সারা দেশের শিক্ষাপ্রতিষ্ঠান যখন বন্ধ ছিল। তখন এমন পরিস্থিতিতে দেশের সব কিছুর মতো শিক্ষা ব্যবস্থায়ও নেমে এসেছিল অচলাবস্থা। যেখানে শিক্ষক ও শিক্ষার্থীরা ঘরবন্দি ছিল। অর্থনৈতিক মন্দা কাটলেও শিক্ষার সংকট দিনে দিনে ঘনীভূত হচ্ছিল। করোনা ভাইরাস বিশ্বব্যাপী শিক্ষা ব্যবস্থাকে পিছিয়েছে। আমরাও পিছিয়ে পড়ার বাইরে নই। একদিকে যেমন জীবনের নিরাপত্তা অন্যদিকে তেমনই রয়েছে শিক্ষার মাধ্যমে জীবন গড়ার। আর এই দুটিতে সমন্বয় করার জন্যই এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ করোনার শুরু থেকেই অর্ধ-শতাধিক প্রযুক্তিতে দক্ষ শিক্ষক নিয়ে প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে জুম ক্লাউড,গুগোল ক্লাসরুম, ইউটিউব, হোয়াটস অ্যাপ, ম্যাসেঞ্জার গ্রুপের মাধ্যমে পড়ালেখার গতিকে সচল রেখেছে। যার কারণেই কোভিড-১৯ এর শুরু থেকেই যখন দেশের সকল শিক্ষার্থীরা ঘরবন্দি হয়ে আছে তখন এডুকেয়ারের শিক্ষার্থীরা তাদের প্রিয় শিক্ষকদের সরাসরি অনলাইন ক্লাস ও পরীক্ষার মাধ্যমে শিক্ষা কার্যক্রম গতিশীল রেখেছে। মোটকথা, শিক্ষার্থীরা দীর্ঘ ছুটিতে বাসায় বসে থাকলেও এডুকেয়ারের শিক্ষার্থীরা আছে ক্লাসেই। আর সব কিছুই সম্ভব হচ্ছে অভিভাবকবৃন্দের আন্তরিক সহযোগিতার কারণে। আল্লাহ যেন আমাদের পথ চলাকে সাফল্যমণ্ডিত করেন। অনলাইন ও অফলাইন শিক্ষা কার্যক্রম পরিচালনায় এডুকেয়ার এক নব দিগন্তের সূচনাকারী।



স্মার্ট ক্লাস রুম-সিনিয়র সেকশন

## স্মার্ট ও মাল্টিমিডিয়া ক্লাসরুম

বিশ্বায়নের যুগে ভবিষ্যৎ প্রজন্মকে দক্ষ মানবসম্পদে রুপান্তর করার জন্য যুগোপযোগী ও আধুনিক শিক্ষার কোন বিকল্প নেই। তাই এই প্রতিযোগিতামূলক যুগে একজন শিক্ষার্থীকে দক্ষ ও বিশ্বমানের শিক্ষার্থী হিসেবে গড়ে তুলতে অভিজ্ঞ শিক্ষক ও প্রযুক্তির বিকল্প কিছু নেই। তাই প্রযুক্তিনির্ভর যুগে শিক্ষার্থীদের ক্লাসকে আরো বেশি গ্রহণযোগ্য, প্রাণবন্ত, বোধগম্য ও ফলপ্রসূ করার জন্য প্রত্যেকটি ক্লাসরুমে মাল্টিমিডিয়ার ব্যবস্থা রয়েছে। এর ফলশ্রুতিতে শিক্ষার্থীরা ক্লাসেই বাস্তব দেখা, শোনা ও বলার প্রয়োগ ঘটাতে পারে। ফলে খুব সহজে এবং আনন্দের সাথে তারা ক্লাস করতে পারে।



স্মার্ট ক্লাস রুম-জুনিয়র সেকশন

## তর্ক-বিতর্কে জ্ঞান আহরণ

যুক্তিনির্ভর ও আলোকিত সমাজ প্রতিষ্ঠায় বিতর্কের গুরুত্ব অপরিসীম। বিতর্কের মাধ্যমে শিক্ষার্থীরা জ্ঞানলাভ ও নিজেদের যুক্তি উপস্থাপনের পাশাপাশি অন্যের মতামতের প্রতি শ্রদ্ধাশীল হয়ে পারস্পারিক সম্পর্ক তৈরি করে। শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভা বিকাশে বিতর্ক একটি অন্যতম শিল্পমাধ্যম। এর মাধ্যমেএকজন শিক্ষার্থী নিজেকে জানার পরিধি আরও বৃদ্ধি করতে পারে। বিতর্ক পারস্পারিক সৌহার্দ্য ও সম্প্রীতির মিলবন্ধন সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শিক্ষার্থীর আত্মবিশ্বাস গঠনেও এর জুড়ি নেই। আর তাই প্রতিষ্ঠার শুরু থেকেই এডুকেয়ার শিক্ষার্থীদের নিয়ে নিয়মিত আয়োজন করছে বাংলা ও ইরেজি বিতর্ক প্রতিযোগিতা।



২য় এনডিএফ বিডি কুষ্টিয়া জোন আয়োজিত বিতর্ক প্রতিযোগিতায় স্কুল পর্যায়ের এডুকেয়ার চ্যাম্পিয়ন

## পরিবহন ব্যবস্থা

শিক্ষার্থীদের যাতায়াত সুবিধার জন্য রয়েছে আধুনিক মানের সম্পূর্ণ নতুন বাস ও মাইক্রোবাস সেবা। পর্যাপ্ত নিরাপত্তার মধ্যে দিয়ে শিক্ষার্থীদেরকে আনা ও বাসায় পৌঁছে দেওয়া হয়। ফলে অভিভাবকগণ তাদের সন্তানকে নিশ্চিন্তে বিদ্যালয়ে পাঠাতে পারেন। অবশ্য এই সার্ভিস পেতে অতিরিক্ত ফিস প্রদান করতে হয়।

## নিরাপত্তা ব্যবস্থা

ক্যাম্পাসের নিরাপত্তা ব্যবস্থাকে সুরক্ষিত ও নির্ভেদ্য করার জন্য সেনাবাহিনীর সাবেক সার্জেন্টের তত্ত্বাবধানে একদল প্রশিক্ষণপ্রাপ্ত চৌকস সিকিউরিটি গার্ড ২৪ ঘণ্টা নিয়োজিত রয়েছে। সুউচ্চ দেওয়াল বেষ্টিত ক্যাম্পাসে পরিচয়হীন কোনো অজ্ঞাত ব্যক্তির অনুপ্রবেশ নিষেধ। স্কুল চলাকালীন অনুমতিহীন ছুটির পর কোনো শিক্ষার্থীর বাইরে যাওয়ার সুযোগ নেই। ক্লাস চলাকালীন শিক্ষার্থীকে গ্রহণ করতে হলে অভিভাবককে পরিচয়পত্র দেখিয়ে তাদেরকে গ্রহণ করতে হবে। এছাড়াও নিরাপত্তা ব্যবস্থাকে আরো জোরদার করতে অর্ধ-শতাধিক সিসি ক্যামেরা বিদ্যালয়ের বাড়তি নিরাপত্তার বলয় তৈরি করে।



নিজস্ব স্কুল বাস সার্ভিস

## জেনারেটর

বিদ্যুৎ প্রবাহ নিরবচ্ছিন্ন রাখতে প্রতিষ্ঠানে রয়েছে উচ্চ ক্ষমতাসম্পন্ন জেনারেটর ব্যবস্থা। বিদ্যালয়ের প্রতিটি ক্লাসরুম ডিজিটাল হওয়ায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

## ইনডোর ও আউটডোর গেমস

শিশুদের শিক্ষার মানোন্নয়নে,শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলা অত্যন্ত জরুরি। এর মাধ্যমে শরীর ও মন উভয়ই প্রফুল্ল থাকে। সেই লক্ষ্যে প্রতিষ্ঠানে আছে ইনডোর ও আউটডোর গেমসের ব্যবস্থা।

## কো-কারিকুলাম সুবিধা

লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের মানসিক বিকাশের জন্য বিভিন্ন কো-কারিকুলাম কার্যক্রম গ্রহণ করা হয়। যেমন-সাধারণ জ্ঞান, বিতর্ক, আবৃত্তি, গান, নৃত্য, চিত্রাঙ্কন, দাবা, ক্রিকেট, ফুটবল খেলার জন্য পারদর্শী শিক্ষককের তত্ত্বাবধানে বিশেষ ভাবে গড়ে তোলা হয়।



স্বাধীনতা দিবসে এডুকেয়ার

## শিক্ষা উপকরণ

শিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষার্থীদের শিক্ষার প্রতি আগ্রহ বাড়াতে শিক্ষার প্রয়োজনীয় উপকরণগুলো বিদ্যালয় থেকেই সরবরাহ করা হয়। শিক্ষার্থীদের স্কুল ইউনিফর্ম,খাতা, ব্যাগ,টাই, সোল্ডার, স্কুল সাইন,শীতকালীন ব্লেজার তারা এখান থেকেই পেয়ে থাকে।

## অভিভাবক সভা

শিক্ষার্থীর অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল একাডেমিক ক্যালেন্ডারে উল্লেখিত দিনে অভিভাবক সভায় প্রদান করা হয়। প্রত্যেক অভিভাবক পৃথকভাবে শিক্ষকদের সাথে এ দিন মত বিনিময় করতে পারেন। অভিভাবক দিবসে সম্মানিত অভিভাবকদের কাছ থেকে লিখিতভাবে মতামত নেওয়া হয়। যা পরবর্তী সময়ে আলাপ-আলোচনার মাধ্যমে বাস্তবায়ন করা হয়।



অডিটোরিয়াম

## স্কলারশীপ ও শিক্ষা সফর


শিক্ষার উদ্দেশ্য হচ্ছে ব্যক্তি জীবনে নৈতিক, মানসিক, সাংস্কৃতিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ প্রতিষ্ঠা করা। সেই সঙ্গে শিক্ষার্থীর মেধা, মননে, কর্মে ও ব্যবহারিক জীবনে উদ্দীপনা সৃষ্টি করা। আর এই জন্যই ওয়েস্টার্ন স্কলার্স ফাউন্ডেশন এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের আন্তর্জাতিক পরিমণ্ডলে পদচারণার মাধ্যমে শিক্ষা ও শিক্ষার্থীর মানোন্নয়নে ২০১৬ সাল থেকে মেধাবী শিক্ষার্থীদের ফরেন ট্যুর স্কলারশীপ প্রদান করে আসছে। যা শিক্ষার্থীর শিক্ষার মানোন্নয়নে অত্যন্ত গুরুত্ব বহন করছে। যা বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় অনন্য।



স্কলারশিপ প্রাপ্ত এডুকেয়ারের সেরা শিক্ষার্থীদের ভুটান ও গ্যাংটক ভ্রমণ

## বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা

'এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ' শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্যসম্মত খাবার পানি সরবরাহ করে। এখানে রয়েছে পানির জন্য সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে পরিশোধিত মানসম্পন্ন একটি বিশাল R.O. (রিভার অসমোসিস) Plant। প্রকৌশলীদের তত্ত্বাবধানে ক্যাম্পাসে পানির এই প্ল্যান্টটি স্থাপন করা হয়েছে। পানির গুণগত মান ঠিক রাখতে ভূগর্ভস্থ থেকে পানি উত্তোলন করার পর একাধিক চেম্বারে পানি পরিশোধন করা হয়। প্রথম ধাপে Oxidation Chamber এ সংরক্ষণ করা হয়। দ্বিতীয় ধাপে পানি Iron Removal Filter এর সাহায্যে পরিশোধন করা হয়। তৃতীয় ধাপে পরিশোধিত পানি Activated Carbon Filter হয়ে নিচতলা থেকে সপ্তমতলায় অবস্থিত সবশেষ Plant-এ আসে। এরপরেও প্রয়োজন-অনুযায়ী 'পাবলিক হেলথ্ অফিসে'র সরকারি ল্যাবরেটরিতে পানির গুণগতমান পরীক্ষা করা হয়। পানির বিশেষ সুবিধা থাকার কারণে এই প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীর বাসা থেকে পানির পট আনার কোনো প্রয়োজন হয় না।



আধুনিক কম্পিউটার ল্যাব

## এডুকেয়ারের ডিজিটাল ল্যাঙ্গুয়েজ ল্যাব

বর্তমান প্রতিযোগিতার যুগে টিকে থাকতে হলে একজন শিক্ষার্থীকে অবশ্যই চৌকস হতে হবে। আমরা সেই শিক্ষার্থীকে চৌকস বলি, যে সঠিক উচ্চারণে, স্মার্ট ভঙ্গিতে ও সুন্দরভাবে একাধিক ভাষায় তার বক্তব্যকে উপস্থাপন করতে পারে। এমনকি আমাদের মাতৃভাষা হলেও অনেকেই বাংলায় সুন্দরভাবে কথা বলতে পারি না। কারণ আমরা কখনোই এই বিষয়টি নিয়ে চিন্তা করিনি বা শিখিনি। আর এই বিষয়টিকে বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি ইংরেজি, আরবিসহ বিভিন্ন ভাষায় পারদর্শী করতে 'এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজে' রয়েছে একটি অত্যাধুনিক ডিজিটাল ল্যাঙ্গুয়েজ ল্যাব। সমগ্র বাংলাদেশে হাতেগোনা কয়েকটি শীর্ষ পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে এই ল্যাবরেটরি রয়েছে।

সর্বাধুনিক এই ভাষাশিক্ষা গবেষণাগারটির মূল লক্ষ্য হলো সঠিক ও নিয়মিত অনুশীলনের মাধ্যমে শিক্ষার্থীকে ভাষার চারটি দক্ষতায় (শোনা, বলা, পড়া, লেখা) স্বয়ংসম্পূর্ণ করে তোলা। এখানে শিক্ষার্থীরা কম্পিউটার, স্মার্টবোর্ড প্রজেক্টর, ডকুমেন্টেশন ক্যামেরা, সাউন্ড সিস্টেমসহ অত্যাধুনিক সরঞ্জামাদির সাহায্যে শুদ্ধ ও সঠিক উচ্চারণে বিভিন্ন ভাষায় কথোপকথন, শিক্ষণ ও অনুশীলন করে থাকে। বিভিন্ন শ্রেণির উপযুক্ত করে সিলেবাস তৈরি করে প্রশিক্ষণপ্রাপ্ত-দক্ষ শিক্ষকগণের তত্ত্বাবধানে শিক্ষার্থীরা বিভিন্ন ভাষায় পারদর্শী হয়ে উঠছে।



স্মার্ট লাইব্রেরি

## অত্যাধুনিক বিজ্ঞান ল্যাব

বাংলাদেশ প্রকৌশলী ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) উপাচার্য অধ্যাপক নজরুল ইসলামের মতে "ব্যবহারিক ক্লাস ছাড়া বিজ্ঞান শিক্ষা অসম্ভব। বিজ্ঞান এমন একটি বিষয় যা আপনি কেবল বই পড়ে শিখতে পারবেন না। বিজ্ঞানের প্রতি শিশুদের আগ্রহ তখনই বাড়তে পারে যদি তারা ব্যবহারিক ক্লাসে নতুন ধারণা শিখে।"

ভালোমানের একটি ল্যাব বলতে আমরা বুঝি যেখানে থাকবে সুন্দর একটি পরিবেশ, থাকবে পর্যাপ্ত বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং প্রতিটি শিক্ষার্থীর জন্য পৃথক ব্যবহারিক চর্চার যাবতীয় সুযোগ-সুবিধা। 'এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ' সে-ধরনের যন্ত্রপাতি সমৃদ্ধ তিনটি অত্যাধুনিক বিজ্ঞান ল্যাবরেটরি উদ্বোধন হলো। এখানে পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান বিষয়ের শিক্ষকমণ্ডলী ও প্রদর্শকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পাঠ্যক্রম অনুযায়ী ব্যবহারিক বিষয়ের প্রতিটি শাখায় শিক্ষার্থীরা বিচরণ করতে পারবে। পর্যাপ্ত প্রাকটিক্যাল ক্লাস করার সুযোগ থাকায় শিক্ষার্থীরা বিভিন্ন ব্যবহারিক কাজের মাধ্যমে বিজ্ঞানের যাবতীয় বিষয়ের বাস্তব জ্ঞান অর্জন করতে পারবে।



আধুনিক বিজ্ঞানাগার

# এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ ফটোগ্যালারি



কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্য মন্ত্রী জনাব হাসানুল হক ইনু (এমপি)



কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ অনুষ্ঠানে মাননীয় এমপি মাহবুবউল আলম হানিফ



কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে জাতীয় নদী রক্ষা কমিশনের মাননীয় চেয়ারম্যান জনাব মো: আতাহারুল ইসলাম



স্মার্ট ক্লাস রুম পরিদর্শন করছেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা খুলনা অঞ্চলের পরিচালক প্রফেসর শেখ হারুনর রশীদ



ডিজিটাল কার্যক্রমের উদ্বোধন করছেন কুষ্টিয়া জেলার জেলা প্রশাসক জনাব মো. জহির রায়হান



SDGS এর উপর কুইজ প্রতিযোগিতায় আটটি পুরস্কারের মধ্যে এডুকেয়ারের শিক্ষার্থীরা তিনটিতে বিজয়ী হয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন স্যারের নিকট থেকে পুরস্কার গ্রহণ করছে



কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ও বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশ অনুষ্ঠানে ইবির মাননীয় প্রো-ভিসি প্রফেসর ড. এম শাহিনুর রহমান



বিশ্ব শিশু ও শিশু অধিকার দিবসে জেলা পর্যায়ে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় ১ম স্থান অর্জন



শিক্ষা সফর অনুষ্ঠানে রাজশাহীর মেয়র জনাব খায়রুজ্জামান লিটন



মহান স্বাধীনতা দিবস-২০১৯ এ ডিসপ্লেতে প্রথম স্থান অর্জন করায় জেলা প্রশাসক জনাব মোঃ আসলাম হোসেন স্যার ক্রেস্ট প্রদান করছেন



ডিজিটাল উদ্ভাবনী মেলায় কম খরচে বিদ্যুৎ উৎপাদন প্রজেক্ট পরিদর্শনে খুলনা বিভাগীয় কমিশনার জনাব আব্দুস সামাদ



ফরেন ট্যুরে নির্বাচিত শিক্ষার্থীদের পরামর্শ মূলক আলোচনা করছেন ঝিনাইদহ ক্যাডেট কলেজের প্রিন্সিপাল কর্ণেল সাদিকুল বারী স্যার



আন্তর্জাতিক মানের ISO 9001 : 2015 সার্টিফাইড প্রতিষ্ঠান
স্মার্ট ক্লাসরুম ও IT বেইজড ডিজিটাল AC ক্যাম্পাস
একসাথে ৩০০-৪০০ শিক্ষার্থীর নামাজের সু-ব্যবস্থা
আধুনিক শিক্ষার সাথে আরবি শিক্ষার সুষম সমন্বয় সাধন
সব শিক্ষা উপকরণ প্রতিষ্ঠান থেকে দেওয়া হয়
কোন শিক্ষার্থীকে প্রাইভেট পড়তে হয় না
স্কলারশিপ, ট্রান্সপোর্ট ও হোস্টেল সুবিধা
পাবলিক পরীক্ষায় সেরা ফলাফল অর্জন
রোবোটিক্স ও কোডিং প্রোগ্রামের ব্যবস্থা
আন্তর্জাতিক মানের ল্যাব সুবিধা
বিশ্বমানের লাইব্রেরি সুবিধা

# এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজ
# EDUCARE IDEAL SCHOOL & COLLEGE

কমরেড রওশন আলী সড়ক, বজলার মোড় (নিশান মোড়), কুষ্টিয়া। ফোন : **02478-853054**
মোবাইল : **01718-007811, 01722-226829** email : educareidealschool.kst@gmail.com
www.facebook.com/educareidealschool www.educare.edu.bd